# জাতীয় কৃষি আবহাওয়া পরামর্শ সেবা বুলেটিন

**০৮ এপ্রিল, (বুধবার)**

[**সময়কালঃ** ০৮.০৪.২০২০–১২.০৪.২০২০]



## ডিসক্লেইমার

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

যোগাযোগের ঠিকানাঃ ফারহানা হক, সবুজ রায়
**ই-মেইলঃ** pdamisdp@dae.gov.bd
**ফোনঃ** ০২-৫৫০২৮৪১৪, ০২-৫৫০২৮৪১৮

# মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় রাজশাহী ,ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম, ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত: শুষ্ক থাকতে পারে। রাজশাহী, পাবনা, কুড়িগ্রাম ও কুষ্টিয়া অঞ্চলের উপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরণের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা প্রশমিত হতে পারে। দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে। পরবর্তী ৭২ ঘণ্টায় আবহাওয়ার অবস্থার সামান্য পরিবর্তন হতে পারে। বর্ধিত পাঁচ দিনের আবহাওয়ার অবস্থা- এ সময়ের শেষের দিকে দিন এবং রাতের তাপমাত্রা বৃদ্ধি পেতে পারে।

মধ্য মেয়াদি পূর্বাভাস অনুযায়ী আগামী পাঁচ দিনে দেশের কয়েকটি জেলায় বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। যেসব জেলায় গত চার দিন আবহাওয়া শুষ্ক ছিল এবং আগামী পাঁচ দিনে যথেষ্ট বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে সেসব জেলার জন্য নিম্নলিখিত কৃষি আবহাওয়া পরামর্শ প্রদান করা হয়েছে।

**বোরো ধান:**

- এডব্লিউডি পদ্ধতি অনুসরণ করে কাইচ থোড়ের আগে পর্যন্ত জমির পানির স্তর ৫-৭ সেমি বজায় রাখুন। কাইচ থোড় থেকে দানা গঠন পর্যায় পর্যন্ত জমির পানির স্তর ২-৫ সেমি বজায় রাখুন। জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- চারার বয়স ৯০-১১০ দিন হলে ইউরিয়া ও পটাশ সার শেষ উপরি প্রয়োগ করুন।
- জমি ও সেচ নালা আগাছামুক্ত রাখুন।
- মাজরা পোকার আক্রমণ দেখা দিতে পারে। দেখা দিলে নিয়ন্ত্রণের জন্য কার্বোফুরান গ্রুপের বালাইনাশক প্রয়োগ করুন।
- বালাইনাশক প্রয়োগ করার আগে সেচের পানি নিষ্কাশন করে ফেলুন।
- ব্লাস্ট রোগ দেখা দিলে নাটিভো ৭৫ডব্লিউজি/ট্রুপার @ ০.৬ গ্রাম/লিটার পানি অথবা প্রতি লিটার পানিতে ১ মিলি এমিস্টার টপ ৩২৫ এসপি মিশিয়ে স্প্রে করুন।
- বাদামী দাগ রোগের আক্রমণ হলে থিওভিট+পটাশ প্রয়োগ করুন।
- বিকেলে অথবা সকাল ১০.০০ টা থেকে ১১.০০ টার মধ্যে বালাইনাশক প্রয়োগ করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।
- বোরো চাষ পুরোদমে চলছে। কাজেই অন্যান্য রোগ ও পোকামাকড়ের আক্রমণ থেকে রক্ষার জন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করতে হবে এবং উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয় থেকে প্রদত্ত পরামর্শ অনুযায়ী বালাই ব্যবস্থাপনা করতে হবে।

**গম:**

- পরিপক্ক গমের পাতা ও কান্ড শুকিয়ে হলদে হতে শুরু করলে সংগ্রহ করে ফেলুন এবং শুকিয়ে নিরাপদ স্থানে রাখুন।
- দানা গঠন পর্যায়ে তৃতীয় সেচ প্রদান করুন।
- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- রোগবালাই এর আক্রমণ থেকে রক্ষা পেতে নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন ও কান্ড ছিদ্রকারী পোকা, জাব পোকা, জ্যাসিড বা ইঁদুরের আক্রমণ এবং ব্লাস্ট, পাতার মরিচা রোগ, পাতা পোড়া, পাতায় দাগ রোগ, গোড়া পচা, পাউডারি মিলডিউ রোগ দেখা দিলে প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নিন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**ভুট্টা:**

- খোল পোড়া রোগ দেখা দিলে প্রতি লিটার পানিতে ২ মিলি হেক্সাকোনাজল অথবা ১ মিলি প্রোপিকোনাজল মিশিয়ে স্প্রে করুন।
- প্রয়োজন অনুযায়ী সেচ প্রদান করুন।
- ভুট্টায় ফল আর্মি ওয়ার্ম এর আক্রমণ দেখা দিতে পারে। নিয়ন্ত্রণের জন্য অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- কাটুই পোকার আক্রমণ দেখা দিতে পারে। নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**মসুর:**

- বৃষ্টিপাতের পর পরিপক্ক ফসল সংগ্রহ করুন।
- গুদামজাত শস্যকে পোকার আক্রমণ থেকে রক্ষার জন্য কেজি প্রতি ৩-৫ মিলি নিমের তেল ব্যবহার করা যেতে পারে।

**চীনা বাদাম:**

- রোগ বালাই এর আক্রমণ থেকে রক্ষা  পেতে নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন। প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নিন।
- আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে টিক্কা রোগের আক্রমণ দেখা দিতে পারে। নিয়ন্ত্রনের জন্য প্রতি লিটার পানিতে ২ মিলি হেক্সাকোনাজল অথবা ১ গ্রাম কার্বেন্ডাজিম মিশিয়ে স্প্রে করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**সবজি:**

- বর্তমান আবহাওয়ায় মরিচে থ্রিপস ও জাব পোকার আক্রমণ দেখা দিতে পারে। অনুমোদিত মাত্রায় বালাইনাশক প্রয়োগ করুন।
- পেঁয়াজে থ্রিপস পোকার আক্রমণ দেখা দিতে পারে। নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন।
- বেগুনে কান্ড ও ফল ছিদ্রকারী পোকার আক্রমণ দেখা দিতে পারে। সঠিক ব্যবস্থাপনার জন্য প্রতি একর জমিতে ১০টি ফেরোমন ফাঁদ স্থাপন করুন।
- ফল পর্যায়ে টমেটো ও বেগুনে ব্লাইট রোগ দেখা দিলে ১০ লিটার পানিতে ৩ গ্রাম হারে  স্ট্রেপ্টোসাইক্লিন মিশিয়ে প্রয়োগ করুন।
- শোষক পোকার আক্রমণ দেখা দিলে সপ্তাহে একদিন অনুমোদিত মাত্রায় নিমের তেল প্রয়োগ করা যেতে পারে।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**উদ্যান ফসল:**

- রোগ বালাই এর আক্রমণ থেকে রক্ষার জন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করতে হবে।
- লেবু জাতীয় ফসলে ক্যাঙ্কার রোগ দেখা দিলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।

- আমের ফল ঝরে যাওয়া থেকে রক্ষার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।
- আমে ফলের মাছি পোকার আক্রমণ হলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।

**পাট:**

- বীজ বপন অব্যাহত রাখুন।
- অতিরিক্ত পানি নিষ্কাশনের জন্য নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন।

**গবাদি পশু:**

- গবাদি পশুকে পর্যাপ্ত পানি পান করান।
- টীকা প্রদানের জন্য বিশেষজ্ঞের পরামর্শ নিন।
- গোয়াল ঘর পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন।
- রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর জন্য মিনারেল মিক্সচার খাওয়ান।

**হাঁসমুরগী:**

- পশু চিকিৎসকের পরামর্শ নিয়ে এক সপ্তাহের বাচ্চাকে রানীক্ষেত রোগের এবং দুই সপ্তাহের বাচ্চাকে গামবোরো রোগের টীকা দেওয়া যেতে পারে।
- থাকার জায়গা পরিষ্কার রাখুন।
- রোগ দেখা দিলে আক্রান্ত হাঁসমুরগী সরিয়ে ফেলুন।

**মৎস্য:**

- পুকুরের গভীরতা ১-১.৫ মিটার বজায় রাখুন।
- ভালো মানের খাবার দিন।
- ব্যাকটেরিয়াজনিত রোগ থেকে মাছ রক্ষার জন্য পুকুরে চুন প্রয়োগ করুন।

# দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি

গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (০৮ এপ্রিল ২০২০, সকাল ০৬টা পর্যন্ত) এবং ০৭ এপ্রিল ২০২০ এ সর্বোচ্চ তাপমাত্রা, ০৮ এপ্রিল ২০২০ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলোঃ

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মিঃ মিঃ) | সর্ব্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মিঃ মিঃ) | সর্ব্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ০০ | ৩১.৪ | ২৫.৭ | রাজশাহী | রাজশাহী | ০০ | ৩৯.০ | ২২.২ |
| | টাঙ্গাইল | ০০ | ৩২.৭ | ২৩.৬ | | ঈশ্বরদী | ০০ | ৩৬.৮ | ২২.৫ |
| | ফরিদপুর | ০০ | ৩৩.৬ | ২৪.৮ | | বগুড়া | ০০ | ৩৪.৫ | ২৪.০ |
| | মাদারীপুর | ০০ | ৩৩.৩ | ২৩.৮ | | বদলগাছী | ০০ | ৩৫.৫ | ২০.০ |
| | গোপালগঞ্জ | ০০ | ৩৪.২ | ২৬.০ | | তাড়াশ | ০০ | ৩৩.৪ | ২৪.০ |
| | নিকলি | ০০ | ৩১.০ | ২৪.৫ | | | | | |
| | | | | | রংপুর | রংপুর | ০০ | ৩৪.৪ | ২০.৫ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ০০ | ৩১.৪ | ২৪.০ | | দিনাজপুর | ০০ | ৩৪.৫ | ১৯.৬ |
| | নেত্রকোনা | ০০ | ৩১.৫ | ২৩.৪ | | সৈয়দপুর | ০০ | ৩৫.৬ | ১৯.০ |
| | | | | | | তেঁতুলিয়া | ০০ | ৩৩.৪ | ১৯.৪ |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ০০ | ৩৩.০ | ২৪.৫ | | ডিমলা | ০০ | ৩৩.৫ | ১৯.০ |
| | সন্দ্বীপ | ০০ | ৩২.২ | ২৫.০ | | রাজারহাট | ০০ | ৩৬.০ | ২০.০ |
| | সীতাকুন্ড | ০০ | ৩২.১ | ২৪.৫ | | | | | |
| | রাঙ্গামাটি | ০০ | ৩৫.৫ | ২১.৫ | খুলনা | খুলনা | ০০ | ৩৪.৭ | ২৬.০ |
| | কুমিল্লা | ০০ | ৩১.১ | ২৫.৪ | | মংলা | ০০ | ৩৪.০ | ২৬.০ |
| | চাঁদপুর | ০০ | ৩১.৭ | ২৪.৫ | | সাতক্ষীরা | ০০ | ৩৩.২ | ২৬.০ |
| | মাইজদীকোর্ট | ০০ | ৩২.০ | ২৫.০ | | যশোর | ০০ | ৩৫.০ | ২০.৬ |
| | ফেনী | ০০ | ৩১.০ | ২৪.৮ | | চুয়াডাঙ্গা | ০০ | ৩৬.৫ | ২৪.২ |
| | হাতিয়া | ০০ | ৩৪.০ | ২৪.৫ | | কুমারখালী | ০০ | ৩৪.৩ | ২৫.৩ |
| | কক্সবাজার | ০০ | ৩২.৬ | ২৩.৭ | | | | | |
| | কুতুবদিয়া | ০০ | ৩৩.০ | ২৪.৫ | বরিশাল | বরিশাল | ০০ | ৩৩.০ | ২৪.৬ |
| | টেকনাফ | ০০ | ৩৩.৪ | ২৩.২ | | পটুয়াখালী | ০০ | ৩৩.৬ | ২৪.৩ |
| | | | | | | খেপুপাড়া | ০০ | ৩৩.৬ | ২৬.৪ |
| সিলেট | সিলেট | ০০ | ৩৫.০ | ২৩.৯ | | ভোলা | ০০ | ৩১.৭ | ২৫.০ |
| | শ্রীমঙ্গল | ০০ | ৩২.০ | ২৩.৫ | | | | | |

প্রধান বৈশিষ্ট্য সমূহঃ-:

- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কালের গড় ৮.৪৭ ঘন্টা ছিল ।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ৪.২৬ মিঃ মিঃ ছিল।


## সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ


পূর্বাভাসঃ রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।


তাপপ্রবাহঃ রাঙ্গামাটি ও সৈয়দপুর অঞ্চলসহ রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল এবং সিলেট বিভাগের উপর দিয়ে মৃদু থেকে মাঝারী ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে তা কিছু জায়গায় অব্যাহত থাকতে পারে। আমাদের দেশরে নামঃ বাংলাদেশ।


তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা (১-২) ডিগ্রি সেঃ হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।


## সপ্তাহের শেষে (০৭ মার্চ ২০২০ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন






Minimum Temperature (°C)
(01/04/2020-07/04/2020)
(°C)
16 18 20 22 24 26



Anomaly Minimum Temperature (°C)
(01/04/2020 - 07/04/2020)
(°C)
-6 -4 -2 0 2



Diurnal Temperature (°C)
(01/04/2020 - 07/04/2020)
(°C)
8 10 12 14 16 18


Anomaly Diurnal Temperature (°C)
(01/04/2020 - 07/04/2020)
(°C)
0 2 4 6


Maximum Humidity (%)
(01/04/2020 - 07/04/2020)
73 79 85 91 97 100
(%)


Minimum Humidity (%)
(01/04/2020 - 07/04/2020)
19 29 39 49 59 69
(%)


Wind Speed (knots)
(01/04/2020 - 07/04/2020)
0 1 2 3 4
(knots)


Cloud Amount (Octa)
(01/04/2020 - 07/04/2020)
0 1 2 3 4
(Octa)

# আবহাওয়া পূর্বাভাস


## আবহাওয়া পূর্বাভাস (০৮/০৪/২০২০ হতে ১৪/০৪/২০২০ তারিখ পর্যন্ত):


এ সপ্তাহে দৈনিক উজ্জ্বল সূর্য কিরণ কাল ৭.৫০ থেকে ৮.৫০ ঘন্টার মধ্যে থাকতে পারে ।


আগামী সপ্তাহের বাষ্পীভবনের দৈনিক গড় ৩.৫০ মিঃ মিঃ থেকে ৪.৫০ মিঃ মিঃ থাকতে পারে।


- এ সময়ের খুলনা, বরিশাল, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু স্থানে এবং রাজশাহী, রংপুর ও চট্টগ্রাম বিভাগের দুই এক স্থানে অস্থায়ী দমকা/ ঝড়ো হাওয়াসহ (বিছিন্নভাবে কোথাও কোথাও শিলাসহ) হাল্কা (০৪-১০ মি. মি./প্রতিদিন) থেকে মাঝারি (১১-২২ মি. মি./প্রতিদিন) ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে ।
- এ সময়ে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে ।


### আগামী ৫ দিনের জেলাওয়ারী পরিমানগত আবহাওয়া পূর্বাভাস (০৮ এপ্রিল হতে ১২ এপ্রিল ২০২০ পর্যন্ত)









Minimum Temperature (°C)
(08/04/2020 - 12/04/2020)
(°C)
17 19 21 23 25


Diurnal Temperature (°C)
(08/04/2020 - 12/04/2020)
(°C)
8 10 12 14 16 19


Maximum Humidity (%)
(08/04/2020 - 12/04/2020)
(%)
44 53 63 71 80 89


Minimum Humidity (%)
(08/04/2020 - 12/04/2020)
(%)
24 32 40 48 56 74

| | |
|---|---|
|  | |



Wind Speed (knots)
(08/04/2020 - 12/04/2020)
(knots)
2 3 4 5

# বাংলাদেশের উপর বিভিন্ন উপগ্রহ **থেকে প্রাপ্ত তথ্যঃ**


NOAA/VIIRS BLENDED NDVI composite for the week. No. 13 (24 March-30 March 2020) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VCI composite for the week No. 13 (24 March-30 March 2020) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED TCI composite for the week No. 13 (24 March-30 March 2020) over Agricultural regions of Bangladesh




NOAA/ AVHRR BLENDED VHI composite for the week No. 13 (24 March-30 March 2020) over Agricultural regions of Bangladesh

